দৈনিক খবর
৫৬৪
03 JUL 1988
তারিখ ... 4
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় ।। গুলী বোমা ভাঙচুর ঘটনা তদন্তে কমিটি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদুল্লাহ ও ফজলুল হক হলে সৃষ্ট সন্ত্রাস ও পরবর্তী উত্তেজনাকর পরিস্থিতি নিয়ে উপাচার্য গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের সকল হলের প্রাধ্যক্ষ ও কেন্দ্রীয় ছাত্র নেতৃবৃন্দের সাথে পৃথকভাবে আলোচনা করেছেন।

জানা গেছে, উপাচার্য ভবনে প্রাধ্যক্ষের সাথে দুপুরে অনুষ্ঠিত এক জরুরী সভায় গত ৩০শে জুন রাতে শহীদুল্লাহ ও ফজলুল হক হলে সংঘটিত ঘটনা সম্পর্কে সংশ্লিষ্ট প্রাধ্যক্ষদের রিপোর্টের ওপর আলোচনা করা হয় এবং গোলাগুলী, বোমাবাজি ও কক্ষ ভাঙচুরের ঘটনা তদন্তের জন্য শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষকে চেয়ারম্যান করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী ৫ই জুলাইয়ের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। সভায় শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ ডঃ এম আমিনুল ইসলাম ও ফজলুল হক হলের প্রাধ্যক্ষ ডঃ জাফর মাহমুদকে সংঘটিত ঘটনা ও এর প্রেক্ষিতে তাদের গৃহীত পদক্ষেপের ওপর একটি প্রতিবেদন এবং ছাত্রদের লিখিত অভিযোগ পেশের অনুরোধ জানান হয়।

সভার সিদ্ধান্তে প্রত্যেক হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকের প্রতি ভবিষ্যতে এ ধরনের ঘটনা যাতে আর না ঘটে সে জন্য সকল ছাত্র নেতাদের সাথে আলোচনা করে সতর্কতামূলক ব্যবস্থা

৭-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

গ্রহণ করতে অনুরোধ জানান হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিবেশ পরিষদের নীতিমালা যাতে অক্ষরে অক্ষরে পালিত হয় সে জন্য যে কোন সময়ে প্রয়োজনে প্রাধ্যক্ষ পুলিশ ডাকবেন। কোন অবস্থাতেই কোন ছাত্রকে কেউ কক্ষ থেকে বের করে দিলে প্রাধ্যক্ষ প্রয়োজনে পুলিশের সাহায্য নিয়ে ছাত্রকে হলে তার নিজ কক্ষে রাখার ব্যবস্থা করবেন। এর ব্যতিক্রম হতে দেয়া হবে না।

**পরিবেশ পরিষদের সভা আহবান**

শহীদুল্লাহ ও ফজলুল হক হলে সৃষ্ট সন্ত্রাসের প্রেক্ষিতে উপাচার্য ছাত্র নেতাদের সাথে আলোচনা করে আগামী ৬ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা আহবান করার সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে।

গতকাল বিকেলে উপাচার্যের সাথে অনুষ্ঠিত ছাত্র নেতাদের বৈঠকে বিশ্ববিদ্যালয়ের বর্তমান সন্ত্রাসমূলক পরিস্থিতিও আলোচিত হয়।

**প্রতিবাদ সমাবেশ**

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদসহ বিভিন্ন সংগঠন শহীদুল্লাহ ও ফজলুল হক হলে সৃষ্ট সন্ত্রাসের প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল করেছে।

সকালে ডাকসু ভবন প্রাঙ্গণে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের প্রতিবাদ সমাবেশে বক্তৃতা করেন ছাত্র নেতা মোস্তাফিজুর রহমান বাবুল। সমাবেশের আগে এক বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এ ছাড়াও ছাত্রলীগ (সু-র), জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (মু-না)সহ বিভিন্ন সংগঠন সন্ত্রাসের প্রতিবাদে পৃথক পৃথকভাবে বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।

ছাত্র ইউনিয়ন সভাপতি মোহাম্মদ তাহের উল্লা ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল এক বিবৃতিতে সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান।